



রাজনীতি নিষিদ্ধের দাবিতে গভীর রাতে উত্তাল ইডেন কলেজ



সংগৃহীত ছবি

রাজধানীর ইডেন মহিলা কলেজে গভীর রাতে বিক্ষোভকে ঘিরে উত্তেজনাপূর্ণ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। শনিবার (৯ মে) রাতের দিকে কলেজের প্রধান ফটকের তালা ভেঙে শিক্ষার্থীদের একাংশকে বিক্ষোভ করতে দেখা যায়। এসময় গেটে টানানো কয়েকটি ব্যানার ও ফেস্টুনে আগুনও দেওয়া হয়। জানা যায়, রাত ১১টার পর ইডেন কলেজ এবং প্রস্তাবিত হজরত রাবেয়া বসরি ছাত্রীনিবাসের শিক্ষার্থীরা একত্র হয়ে আন্দোলনে অংশ নেন। তারা ক্যাম্পাসে মিছিল বের করে বিভিন্ন গেটের সামনে অবস্থান নেন।

বিক্ষোভকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে সব ধরনের রাজনৈতিক কার্যক্রম ও প্রভাব বন্ধের দাবি জানান। এসময় কয়েকটি গেট ভাঙার চেষ্টার ঘটনাও ঘটে বলে জানা গেছে।

এর আগে সন্ধ্যার পর কলেজ গেটের সামনে লেখা 'রাজনীতিমুক্ত ক্যাম্পাস' স্লোগানটি রং দিয়ে মুছে ফেলা হয়। এই ঘটনাকে কেন্দ্র করেই শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে এবং পরে তা বিক্ষোভে রূপ নেয়।

LENS ASIA